গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
পটুয়াখালী সদর, পটুয়াখালী।
www.ac.sadar.patuakhali.gov.bd

স্মারক নম্বর : ০৫.১০.৭৮৯৫.০০৭.০৮.০১৩.২৫-০৬

তারিখ : পৌষ , ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দ

**জলমহাল ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্বারা পটুয়াখালী সদর উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সমাজভিত্তিক মৎস্য চাষ সম্পর্কিত সংগঠনসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ শাখার ২৩ নভেম্বর, ২০২৫ সালের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং প্রজ্ঞাপন অনুযায়ী সরকারী জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে সকল আবেদন নির্ধারিত বর্ষপঞ্জিকার মধ্যে এবং নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত হয়েছে।

সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ ও সংশোধনী ২০১২ অনুযায়ী পটুয়াখালী জেলার পটুয়াখালী সদর উপজেলাধীন ২০ একর পর্যন্ত সরকারী বদ্ধ জলমহালসমূহ বর্ণিত শর্তসাপেক্ষে বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে উক্ত প্রজ্ঞাপনে বর্ণিত সিডিউল অনুযায়ী আগ্রহী নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সমাজভিত্তিক মৎস্য চাষ সম্পর্কিত সংগঠন হতে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইট http://jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে (এ সংক্রান্ত নির্দেশনা ওয়েবসাইটে আপলোড করা আছে।

নিম্ন বর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানত বাবদ পে-অর্ডার/বিডির মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ ও সংশোধনী ২০১২ এবং ভূমি মন্ত্রণালয় হতে জারীকৃত সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী ইজারা কার্যক্রম পরিচালিত হবে।

**"ইজারা যোগ্য জলমহালের তালিকা"**

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জলমহালের নাম | তফসিল/আয়তন | সরকারি ইজারা মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | উত্তর বিরাজলা | বিরাজলা খাল | মৌজা: বিরাজলা<br>দাগ নম্বর : ২৬৭<br>জমির পরিমাণ: ৬.০০ একর | ২১,৪০০/- | |
| ০২ | পশ্চিম হেতালিয়া | বিশ্বাস বাড়ীর খাল | মৌজা: পশ্চিম হেতালিয়া<br>দাগ নম্বর : ৪৫<br>জমির পরিমাণ: ৩.০০একর | ১৪,৮৮৪/- | |
| ০৩ | বড় বিঘাই | খাটাশিয়া খাল | মৌজা: বড় বিঘাই<br>দাগ নম্বর : ৪২৯৫, ৪৩৩০<br>জমির পরিমাণ: ৪.৯৪ | ১৯,৪৫০/- | |
| ০৪ | মরিচবুনিয়া | নীল খোলার খাল | মৌজা: মরিচবুনিয়া<br>দাগ নম্বর : ৯৭৪, ১৬২৪,১৬৫৩, ১৭৪১<br>জমির পরিমাণ: | ৪,১৮৭/- | |
| ০৫ | উত্তর চৌদ্দবুড়িয়া | ৪২ নং চৌদ্দবুড়িয়ার খাল | মৌজা: বাহেরমৌজ<br>দাগ নম্বর :৬০২, ৬১৫, ৬১৬, ৬২২,৬৫৫<br>জমির পরিমাণ: ৬.৬২ একর | ২৩,৯০৮/- | |
| ০৬ | উত্তর ধরান্দি | বাগার খাল | মৌজা: উত্তর ধরান্দি<br>দাগ নম্বর : ৪১১৩<br>জমির পরিমাণ: ২.০৮ একর | ৭,৯৬৯/- | |
| ০৭ | দক্ষিণ ধরান্দি | ধরান্দি খাল | মৌজা: দক্ষিণ ধরান্দি<br>দাগ নম্বর : ৪৪১, ৪৬/১২২৩ | ২৩,৫৪৫/- | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | জমির পরিমাণ: | | |
| ০৮ | চৌদ্দবুড়িয়া | বোয়ালিয়ার খাল | মৌজা: দক্ষিণ ধরান্দি<br>দাগ নম্বর : ৭৪০১<br>জমির পরিমাণ: ০.১৫ একর | ১,৩৭৫/- | |
| ০৯ | উত্তর ধরান্দি | বেতাগ বাড়ির খাল | মৌজা: দক্ষিণ ধরান্দি, উত্তর ধরান্দি<br>দাগ নম্বর :৫৪৫২,৪১২০, ৪৩৭২,৪১২২.৪৩৩২৩,৪৮৬৭,৪৮৯০, ৫১৩৬,৫৩১৪<br>জমির পরিমাণ: ১২.০০ | ১১,৯৫৫/- | |

**আবেদন দাখিল ও যাচাই বাছাইয়ের সময়সূচি**

| ক্রম | তারিখ | কার্যদিবস | গ্রহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে (০৫ জানুয়ারীর মধ্যে) | - | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন আহবান |
| ০২ | ১ লা মাঘ হতে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ায়ী হতে ২৯ জানুয়ারী ২০২৬ এর মধ্যে) | ১৫(পনের) দিন | অনলাইনে ইজারার আবেদন দাখিল |
| ০৩ | ১৮ মাঘ হতে ২০ মাঘের মধ্যে (১ লা ফেব্রুয়ারী হতে ০৩ ফেব্রুয়ারী ২০২৬ এর মধ্যে) | ০৩ (তিন) দিন | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
| ০৪ | ২২ মাঘ হতে ২৮ মাঘের মধ্যে (০৫ ফেব্রুয়ারী হতে ১১ ফেব্রুয়ারী ২০২৬ এর মধ্যে) | ০৫ (পাঁচ) দিন | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৫ | ২৯ মাঘ হতে ০৫ ফাল্গুন (১২ ফেব্রুয়ারী হতে ১৮ ফেব্রুয়ারী ২০২৬ এর মধ্যে) | ০৫ (পাঁচ) দিন | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ০৬ | ০৬ ফাল্গুন হতে ২৬ ফাল্গুন (১৯ ফেব্রুয়ারী হতে ১১ মার্চ ২০২৬ এর মধ্যে) | ১৫(পনের) দিন | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৭ | ২৭ ফাল্গুন হতে ০২ চৈত্র (১২ মার্চ হতে ১৬ মার্চ ২০২৬ এর মধ্যে) | ০৩ (তিন) দিন | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাদের অবহিতকরণ। |
| ০৮ | ০৩ চৈত্র হতে ১৫ চৈত্র (১৭ মার্চ হতে ২৯ মার্চ ২০২৬ এর মধ্যে) | ০৭ (সাত) দিন | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে ইজারা চুক্তি সম্পাদন। |
| | ১ লা বৈশাখ, (১৪ এপ্রিল ২০২৬) | | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**শর্তাবলী**

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎসজীবীদের সমিতি যা সমবায় সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি। সংগঠনসমূহ নিদিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি। সংগঠন আবেদন করতে পারবেন না।

২। আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালের অবস্থান, পরিমাণ ইত্যাদি প্রত্যক্ষভাবে যাচাই-বাছাই করে আবেদনপত্র দাখিল করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৪। আবেদনকারী মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন বা অন্য সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করবেন ও বিগত তিন বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন।

৫। আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নন তাহলে উক্ত সংগঠন/সমিতি জলমহাল ইজারা বন্দোবস্ত প্রাপ্তির অযোগ্য মর্মে বিবেচিত হবেন।

৬। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৭। আবেদনপত্রের সাথে মৎস্যজীবি সমিতি/সংগঠনের গঠনতন্ত্রের কপি, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, ব্যাংক হিসাবের লেনদেনসহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর আলোকে প্রয়োজনীয় তথ্য ও ছবি (পাসপোর্ট সাইজের) সত্যায়িত করে সংযোজন করতে হবে।

৮। আবেদনকারী মৎস্যজীবি সমিতি/সংগঠনকে ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল-এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৯। সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, পটুয়াখালী সদর, পটুয়াখালী এর নামে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১০। আবেদনপত্র যাচাই বাছাইঅন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনার কমিটির সভায় উপস্থাপন সাপেক্ষে জলমহাল ব্যবস্থাপন্য নীতি, ২০০৯ এর যাবতীয় শর্ত বিবেচনা করে আলাপ-আলোচনার ভিত্তিতে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হবে। সিদ্ধন্ত প্রদানের ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে সরকার নির্ধারিত ইজারা মূল্যসহ উদ্ধৃত টাকার উপর নির্ধারিত হারে ভ্যাট ও আয়করসহ সমুদয়। ইজারা মুল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ইজারা বাতিলসহ জামানত বাবদ জমাকৃত টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবয়ে।

১১। মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন যাচাই বাছাই এর ক্ষেত্রে উক্ত সমিতি/সংগঠন এর কোন জঙ্গি সম্পৃক্ততা থাকালে এবং পূর্বের কোন জলমহালের ইজারামূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সমিতি/সংগঠনকে উক্ত জলমহাল ইজারা প্রদান করা হবেনা।

১২। ইজারা গ্রহীতা কোন মৎস্যজীবী সমিতি/সংগঠন তাদের নামে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সারসিজ অথবা অনা কোন ব্যাক্তি/গোষ্ঠী সমিতি সংগঠনকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকে, তাহলে উক্ত ইজারা বাতিল বলে গন্য হবে এবং লিজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত ইজারা গ্রহীতা মৎস্যজীবী সমিতি/সংগঠন পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৩। কোন মৎস্যজীবী সমিতি/সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত গ্রহণ করতে পারেন না।

১৪। কোন জলমহাল/জলমহালের অংশ বিশেষের উপর মন্ত্রণালয়/দেওয়ানি আদালতের স্থিতাবস্থার আদেশা/নিষেধাজ্ঞা থাকলে তা এই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা না হলেও ইজারা বহির্ভুত থাকবে। মামলা আছে কিন্তু স্থিতাবস্থার আদেশ নিষেধাজ্ঞা নেই এরূপ ক্ষেত্রে ইজারা প্রদান করা হবে।।

১৫। প্ররথম বছরের ইজারা মূল্য পরিশোধের সঙ্গে সঙ্গে আবেদনকারীকে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় যথাসময়ে জলমহাল দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না। ইজারা চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল গ্রহণ করা যাবে না।।

Rannat

১৬। জলমহাল ইজারার মেয়াদ ১ বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যেকোন সময়ে জলমহাল ইজারা গ্রহণ করলেও ইজারা মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছর ৩০ চৈত্র তা শেষ হবে। এ সময়ের মধ্যে কোন খাস কালেকশন করা হলে তা সহকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবে না।

১৭। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারা মূল্যও একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। নির্ধারিত তারিখের মধ্যে ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৮। যে কোন আবেদন বাতিল/গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।
উপরে বর্ণিত শর্তাবলী ছাড়া অনা কোন বিষয়ে জানার প্রয়োজন হলে তা সংশ্লিষ্ট অফিস হতে জানা যাবে।

০৫।০১।২৬
রওজাতুন জান্নাত
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

তারিখ: ০৫ জানুয়ারি ২০২৬ খ্রি.

স্মারক নম্বর : ০৫.১০.৭৮৯৫.০০৭.০৮.০১৩.২৫- ৮/১

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। জেলা প্রশাসক, পটুয়াখালী।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পটুয়াখালী।

০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, পটুয়াখালী সদর, পটুয়াখালী।

০৪। উপজেলা..................................কর্মকর্তা, পটুয়াখালী সদর, পটুয়াখালী।

০৫। চেয়ারম্যান, ....................................(সকল) ইউনিয়ন পরিষদ, বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। ম্যানেজার, সোনালী ব্যাংক লিঃ/ বাংলাদেশ কৃষি ব্যাংক, রূপালী ব্যাংক লিমিটেড, পটুয়াখালী সদর, পটুয়াখালী।

০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..........................., ইউনিয়ন ভূমি অফিস. পটুয়াখালী সদর, পটুয়াখালী। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৮। সভাপতি/সম্পাদক........................ মৎস্যজীবী সমবায় সমিতি লি. পটুয়াখালী সদর, পটুয়াখালী।

০৯। নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল।

০৫।০১।২৬
রওজাতুন জান্নাত
সহকারী কমিশনার(ভূমি)(অ:দা:)
পটুয়াখালী সদর, পটুয়াখালী।